গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.০৪.০০১.১৪. ১৫২৩(২৫০)    তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ

## বিশেষ নিয়োগ আদেশ

খাদ্য অধিদপ্তরের নিয়োগবিধি The Non-Cadre Gazetted Officers and Non-Gazetted Empleoyees (Director General of Food) Recruitment Rules, 1983 অনুসরণে বিভিন্ন শূন্য পদ পূরণের লক্ষ্যে খাদ্য অধিদপ্তর কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষাসহ সকল কার্যক্রম সম্পন্ন করে গত ২২/০৬/২০১০ তারিখে খাদ্য পরিদর্শক পদে-৩৫০, উপ-খাদ্য পরিদর্শক পদে-২০৯ ও সহকারী উপ-খাদ্য পরিদর্শক পদে-৪১৯ জনকে নিয়োগ প্রদান করা হয়। এই নিয়োগে ৩০% মুক্তিযোদ্ধা কোটা যথাযথভাবে অনুসরণ করা হয়নি মর্মে সংক্ষুদ্ধ হয়ে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ না পাওয়া ৭ জন মুক্তিযোদ্ধার সন্তান বাদী হয়ে রিট পিটিশন নং-৬৪০৬/২০১০ দায়ের করেন। রিট পিটিশন নং ৬৪০৬/২০১০ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট ডিভিশনের ১২/০২/২০১২ তারিখের রায়, এ রায় থেকে উদ্ভূত সিপিএলএ মামলা নং ২৬৮৯/২০১২ এর আলোকে মহামান্য আপিল বিভাগের ২৪/০৪/২০১৪ তারিখের রায় ও কনটেম্পট পিটিশন নং ৩১/২০১৫ এর ২২/১১/২০১৬ তারিখের আদেশ মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ও ছকে উল্লিখিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল/২০০৯ এর ১৩ নং গ্রেডে (৫৫০০-৩৪৫X৭-৭৯১৫-ইবি-৩৮০X১১-১২০৯৫)/পরবর্তীতে জারীকৃত জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১৩ নং গ্রেডে ১১০০০-১১৫৫০-১২১৩০-১২৭৪০-১৩৩৮০-১৪০৫০-১৪৭৬০-১৫৫০০-১৬২৮০-১৭১০০-১৭৯৬০-১৮৮৬০-১৯৮১০-২০৮১০-২১৮৬০-২২৯৬০-২৪১১০-২৫৩২০-২৬৫৯০ টাকা বেতনক্রমে ''উপ খাদ্য পরিদর্শক'' পদে নিয়োগ করা হলোঃ

### শর্তাবলী

(ক) সিপিএলএ মামলা নং-২৬৮৯/২০১২ এর রায়ের বিরুদ্ধে মহামান্য আপিল বিভাগে রিভিউ পিটিশন মামলা নং ১৫/২০১৬ দায়ের করা আছে। এ রিভিউ মামলার রায়ের ভিত্তিতে এই নিয়োগের কার্যকারিতা ও শর্তাবলী নির্ধারিত হবে; অর্থাৎ উক্ত রায়ের ভিত্তিতে এ নিয়োগ বাতিল বা এর এক বা একাধিক শর্ত পরিবর্তিত হতে পারে;

(খ) দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ স্থায়ী/ নিয়মিতকরণসহ গেজেটে অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে;

(গ) এই নিয়োগ পুলিশ কর্তৃক পূর্ব পরিচয় যাচাই সাপেক্ষে করা হলো। তিনি পুলিশি তদন্ত ফরম যথাযথভাবে পূরণ করে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;

(ঘ) যোগদানকালে সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগতভাবে সরকারী চাকরির জন্য যোগ্য বলে সনদপত্র দাখিল করতে হবে;

(ঙ) তার চাকরি সম্পূর্ণ অস্থায়ী ও বদলিযোগ্য। জনস্বার্থে তাকে খাদ্য অধিদপ্তরাধীন যে কোন সংস্থাপনে বদলি করা যাবে;

(চ) ২ (দুই) বছর সন্তোষজনক চাকুরী সাপেক্ষে স্থায়ী করা হবে;

(ছ) স্বাস্থ্য প্রতিবেদন ও পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অব্যাহতি দেয়া হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি বাংলাদেশ চাকরি বিধি, সরকারি কর্মচারী আচরণ বিধি, সরকারি কর্মচারী শৃংখলা ও আপিল বিধি এবং সরকারি অন্যান্য যাবতীয় বিধিসমূহ অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন;

(ঝ) প্রার্থীর কোন প্রকার তথ্য/সনদ মিথ্যা/ভূয়া প্রমানিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা দেয়া হবে না;

(ট) এ নিয়োগের ফলে কোন ধরণের বকেয়া বেতন/ ভাতাদি প্রাপ্য হবে না। তবে প্রচলিত বিধি মোতাবেক জ্যেষ্ঠতা পাবেন; এবং

(ঠ) তাকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি থেকে অপসারণ করা হবে।

২। উল্লিখিত শর্ত সাপেক্ষে ৬ নং কলামে উল্লিখিত কর্মকর্তার নিকট আগামী ৩১/১২/২০১৬ খ্রিঃ ১৭ই পৌষ ১৪২৩ বঙ্গাব্দ তারিখের মধ্যে অবশ্যই যোগদান পত্র দাখিল করতে হবে। অন্যথায় উক্ত তারিখের পর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

| | রোল নং | প্রার্থীর নাম | পিতা/স্বামীর নাম | স্থায়ী ঠিকানা | যে কর্মকর্তার অধীনে/ দপ্তরে যোগদান করতে হবে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ৪১০২০০৫৬০ | মোঃ ফেরদৌস আলম | শহীদ এ.কে.এম মাহবুবুর রহমান | কুপতলা, গাইবান্ধা | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল। |

(মোঃ বদরুল হাসান)
মহাপরিচালক
dg@dgfood.gov.bd
ফোন-৯৫৮৪৮৩৪

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.০৪.০০১.১৪.১৫২৬(২৫০)
তারিখঃ ০৬/১২/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচলক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্ম সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৮। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/ হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯। উপ-সচিব (সংস্থা প্রশাসন-২), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
১২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট।
১৩। সাইলো অধীক্ষক,.......................................
১৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১৬। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
১৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....................................
১৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.............................
২০। উপ-পরিচালক (সংস্থাপন/পিপিটি/তদন্ত ও মামলা/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২১। জনাব মোঃ ফেরদৌস আলম, পিতাঃ শহীদ এ.কে.এম মাহবুবুর রহমান,
গ্রাম/মহল্লাঃ কুপতলা, ডাকঘরঃ কুপতলা, উপজেলা/থানাঃ গাইবান্ধা জেলাঃ গাইবান্ধা।

০৬/১২/১৬

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ পরিচালক (সংস্থাপন)
dd.est@dgfood.gov.bd
ফোন-৯৫৬১২০৯

C:\Documents and Settings\Sec_01\Desktop\Appoinment\SI.doc - 2